# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৫৮]

১৮/ বিবিধ চিত্তকর্ষী হাদিসসমূহ (كتاب المنثورات والملح)

পরিচ্ছেদঃ ৩৭০ : দাজ্জাল ও কিয়ামতের নিদর্শনাবলী সম্পর্কে

(370) بَابُ اَحَادِيْثِ الدَّجَّالِ وَاَشْرَاطِ السَّاعَةِ وَغَيْرِهَا

---

আরবী

وَعَنْها رَضِيَ اللهُ عَنْهَا، عن النبيِّ، قَالَ: «مَنْ مَاتَ وَعَلَيْهِ صَومٌ، صَامَ عَنْهُ وَلِيُّهُ». متفق عَلَيْهِ

وَالمُخْتَارُ جَوَازُ الصَّوْمِ عَمَّنْ مَاتَ وَعَلَيْهِ صَوْمٌ لِهَذَا الْحَدِيثِ ، والمُرَادُ بالْوَلِيِّ : الْقَرِيبُ وَارِثاً آانَ أَوْ غَيْرِوَارِثٍ .

বাংলা

৫১/১৮৬৭। উক্ত রাবী (আয়েশা) রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’কোন ব্যক্তি যদি মারা যায়, আর তার [মানত] রোযা বাকি থাকে, তাহলে তার অভিভাবক তার পক্ষ থেকে [ঐ মানতের] রোযা পূরণ করবে।’’ (বুখারী-মুসলিম)[1]

সঠিক অভিমত এই যে, এই হাদিসের ভিত্তিতে যে রোযা পালন না করে মারা গেছে, তার পক্ষ থেকে রোযা রাখা জায়েয। আর অভিভাবক বলতে উদ্দেশ্য, নিকটাত্মীয়; সে ওয়ারেস হোক অথবা না হোক।

[[ইবনে আব্বাস বলেন, ’যদি কোন লোক রমাযানে ব্যাধিগ্রস্ত হয়, অতঃপর সে মারা যায় এবং রোযা [কাযা করার সুযোগ পাওয়া সত্ত্বেও] রোযা না রেখে থাকে, তাহলে তার তরফ থেকে মিসকীন খাইয়ে দিতে হবে; তার জন্য রোযা কাযা নেই। কিন্তু যদি সে নযরের রোযা না রেখে মারা যায়, তাহলে তার অভিভাবক [বা নিকটাত্মীয়] তার তরফ থেকে সেই রোযা কাযা করে দেবে।’]] [সহীহ আবূ দাউদ ২১০১নং প্রমুখ]

## English

(370) Chapter: Ahadith about Dajjal and Portents of the Hour

'Aishah (May Allah be pleased with her) said:

The Prophet (ﷺ) said, "If a person dies without observing Saum (fasts), his Wali should make it up on his behalf."

[Al-Bukhari and Muslim].

Commentary: Sheikh Al-Albani says that this fasting refers to fasting of vow and not the fasting of Ramadan. Sheikh Al-Albani has particularized the narration by `Aishah (May Allah be pleased with her) with the help of the narration of Ibn `Abbas (May Allah be pleased with them), in which the fasting of vow is specifically mentioned. The reason is that in the bodily worship, acting on the behalf of others is not permitted. As one cannot act or perform any bodily worship on behalf of others, similarly it is not allowed to do so after somebody's death. However, if in any particular case, there is a ruling in the Qur'an or Sunnah then in that particular matter deputizing would be allowed. In such case the permission should be limited to that particular matter only. For example it is specifically mentioned in the Hadith that the Wali, i.e., the guardian or inheritor of the dead person can observe the fasting of vow taken by the deceased person to Allah. However, no offering of other bodily worship, such as Salat, will be permitted on behalf of the deceased person.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৯৫২, মুসলিম ১১৪৭, আবূ দাউদ ২৪০০, ৩৩১১, আহমাদ ২৩৮৮০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32660

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন